



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ইউনেস্কো কর্তৃক ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ ঘোষণা ও মহান বিজয় দিবস উদযাপন’



জবি সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

‘বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ইউনেস্কো কর্তৃক ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ ঘোষণা ও মহান বিজয় দিবস উদযাপন’ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে ৫ ডিসেম্বর-২০১৭, মঙ্গলবার ‘আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান’ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের সভাপতি খাইরুল রায়-এর সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে বাংলাদেশ আওয়ামীলীগ, সাংস্কৃতি বিষয়ক উপ-কমিটির চেয়ারম্যান ও বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব মঞ্চসারথী আতাউর রহমান এবং বিশেষ বক্তা হিসেবে আওয়ামী যুব মহিলা লীগের সদস্য ও জাতীয় পুরস্কারপ্রাপ্ত অভিনেত্রী অঞ্জনা সুলতানা উপস্থিত ছিলেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



সাংস্কৃতিক কেন্দ্রের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম গাজীর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের প্রধান উপদেষ্টা ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাহিত্য সংস্কৃতি স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ও সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল হোসেন, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি তরিকুল ইসলাম তুর্ক, সাধারণ সম্পাদক শেখ জয়নাল আবেদীন রাসেল বক্তব্য প্রদান করেন।

আলোচনা সভা শেষে সাংস্কৃতিক কেন্দ্রের সদস্যদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে মধ্যে ছিল একক ও দলীয় নৃত্য, গান, অভিনয় ও আবৃত্তি পরিবেশনা। এছাড়া অঞ্জনা সুলতানা দুটি গান পরিবেশন করেন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও সাংস্কৃতিক কেন্দ্রের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।